



## ভার্কের উর্ধ্বতন কর্তৃপক্ষের ক্যাম্প-৮ ডাব্লিউ এর ওয়াশ কার্যক্রম পরিদর্শন



গত ৬ অক্টোবর ২০২৪ তারিখে, ভার্কের নির্বাহী পরিচালক জনাব মো: ইয়াকুব হোসেন এবং উপ-নির্বাহী পরিচালক, জনাব মো. মাসুদ হাসান, কক্সবাজার উখিয়ায় ক্যাম্প-৮ ডাব্লিউ এর ওয়াশ কার্যক্রম এবং ভার্কের উখিয়া প্রকল্প কার্যালয়ের কার্যক্রম পরিদর্শন করেন। প্রকল্প ব্যবস্থাপক, জনাব তাহিদুল ইসলাম তারেকের নেতৃত্বে এবং হাইজিন ম্যানেজার, মনিটরিং অ্যান্ড ডকুমেন্টেশন অফিসার, ফিল্ড ইঞ্জিনিয়ার-ওয়াটার, এবং ফিল্ড ইঞ্জিনিয়ার-স্যানিটেশন এর সহায়তায় এ পরিদর্শনটি সম্পন্ন হয়। পরিদর্শনকালে, নির্বাহী পরিচালক এবং উপ-নির্বাহী পরিচালক মহোদয় ক্যাম্প-৮ ডাব্লিউ এর বিভিন্ন গুরুত্বপূর্ণ ওয়াশ কার্যক্রম পর্যবেক্ষণ করেন, যার মধ্যে ওয়াটার ডিস্ট্রিবিউশন নেটওয়ার্ক এবং ট্যাপ স্ট্যান্ড, ফিকাল স্লাজ ম্যানেজমেন্ট প্ল্যান্ট, এবং কমিউনিটি মোবাইলাইজেশন সেন্টার অন্তর্ভুক্ত। উক্ত পরিদর্শন কালে নির্বাহী পরিচালক এবং উপ-নির্বাহী পরিচালক ক্যাম্প-৮ ডাব্লিউ এর ক্যাম্প-ইন-চার্জ (CIC), জনাব মোহাম্মদ আব্দুর রউফ এর সাথে এক সৌজন্য সাক্ষাৎ করেন। ক্যাম্প-৮ ডাব্লিউ এর পরিদর্শন শেষে, পরিদর্শক দল ভার্ক উখিয়া প্রকল্প কার্যালয়ে একটি প্রকল্প পর্যালোচনা সভায় অংশগ্রহণ করেন।

## FCDO প্রতিনিধি দলের ভার্কের ক্যাম্প-৮ ডাব্লিউ এর ওয়াশ কার্যক্রম পরিদর্শন



যুক্তরাজ্যের ফরেন, কমনওয়েলথ, এবং ডেভেলপমেন্ট অফিস (FCDO) এর একটি প্রতিনিধি দল ২০২৪ সালের ১১ সেপ্টেম্বর তারিখে কক্সবাজার জেলার উখিয়া এবং টেকনাফ উপজেলায় রোহিঙ্গা শরণার্থী জনগোষ্ঠীর জন্য জীবন রক্ষাকারী ওয়াশ সেবা প্রদান প্রকল্পের আওতায় ক্যাম্প-৮ ডাব্লিউ পরিদর্শন করেন। উক্ত প্রকল্পটি ভার্ক (VERC) কর্তৃক বাস্তবায়িত এবং ইউনিসেফ দ্বারা সমর্থিত। এফসিডিও প্রতিনিধি দল প্রকল্পের বিভিন্ন ওয়াশ কার্যক্রম পরিদর্শন করেন, যার মধ্যে ফিকাল স্লাজ ম্যানেজমেন্ট (FSM) এবং সলিড ওয়েস্ট ম্যানেজমেন্ট (SWM) প্ল্যান্ট, ওয়াটার ডিস্ট্রিবিউশন নেটওয়ার্ক (WDN) অন্তর্ভুক্ত। এছাড়াও, ওয়াশ কমিটি এবং ওয়াটার ইউজার গ্রুপের সাথে আলোচনায় অংশ নেন। জনাব মুসা ড্রামেহ, ওয়াশ ম্যানেজার, ইউনিসেফ কক্সবাজার ফিল্ড অফিস উক্ত পরিদর্শনটি পরিচালনা করেন, এবং জনাব সাজেদা বেগম, ওয়াশ অফিসার ইউনিসেফ কক্সবাজার ফিল্ড অফিস, সহ-পরিচালনার দায়িত্ব পালন করেন।

বিশেষ ভাবে উল্লেখ্য যে, ভার্কের (VERC) ডেপুটি ডিরেক্টর মনিটরিং অ্যান্ড ডকুমেন্টেশন, ওয়াশ এবং হেলথ বিভাগের জনাব রিপন কুমার সাহা এবং প্রকল্প ব্যবস্থাপক জনাব তাহিদুল ইসলাম তারেকও পরিদর্শনটি সহ-পরিচালনায় অংশগ্রহণ করেন।

## প্রাক শিশু বিকাশ কেন্দ্র অবহেলিত শিশুদের জীবনে নতুন আলোর দিশারী

গাজীপুরের কাশিমপুরে টেরে ডেস হোমস নোদারল্যাডসের সহযোগিতায় চলমান কমিউনিটি বেইজড চাইল্ড প্রটেকশন মেকানিজম ফর দ্য চিলড্রেন অব গার্মেন্টস ওয়ার্কার্স প্রকল্পের অন্যতম প্রধান উদ্যোগ হলো “প্রাক শিশু বিকাশ”। এই প্রকল্পের মাধ্যমে কিশলয় নামে পরিচিত আর্টসি প্রাক-শিশু বিকাশ কেন্দ্রে শিশুদের মানসিক ও শারীরিক বিকাশের সুযোগ তৈরি করা হয়েছে। ২০২২ সালে শুরু হওয়া প্রকল্পটি ২০২৩ সালে ২০৩ জন শিশুকে মূলধারার শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি করেছে। এদের মধ্যে আর্থিকভাবে অসচ্ছল ২৮ জন শিশুর ভর্তি ফি বাবদ ৩৩,২৮৫ টাকা সহায়তা প্রদান করা হয়। এই কেন্দ্রগুলো শুধুমাত্র বিকাশের ক্ষেত্রেই নয়, বরং জীবনের দিকনির্দেশনা দিতে সহায়ক ভূমিকা পালন করে এখানে কাজ করেন এমন নিবেদিতপ্রাণ শিক্ষকদের সহায়তায় সমাজের



অবহেলিত শিশুরাও জীবনের পাথেয় খুঁজে পায়। এমনই একজন শিশু হোসেন। হোসেন জন্মের পরপরই তার মা'কে হারায় এবং বাবার ভালোবাসা থেকে বঞ্চিত হয়। বয়স বাড়ার সঙ্গে জানা যায়, হোসেন বিশেষ চাহিদাসম্পন্ন শিশু। তার ডান হাত অকেজো, কথা বলতে পারে না, ভালো-মন্দ বোঝার ক্ষমতাও নেই। যেখানে শিশুরা আদর-যত্নে বেড়ে ওঠে, হোসেন বেড়ে উঠছিল অবহেলা ও অযত্নে। নানা-নানীর স্নেহ এবং খালার যত্নে লালিত হলেও, চার বছর বয়সেও কথা বলতে না পারায় তার ভবিষ্যৎ আরও অনিশ্চিত হয়ে ওঠে। বাবাও তার দায়িত্ব নিতে অস্বীকৃতি জানান। তখন কিশলয়-২ এর এক শিক্ষিকা তাকে কেন্দ্রটিতে ভর্তি করার ব্যবস্থা করেন। কিশলয়ে আসার পর যত্নশীল আচরণ, অঙ্গভঙ্গির মাধ্যমে যোগাযোগ, কথা বলানোর চেষ্টা, অন্যান্য শিশুদের সাথে পারস্পরিক মিথস্ক্রিয়া শিশুটির আত্মবিশ্বাস ও উন্নতির দ্বার উন্মোচন করে। এখন হোসেন দু-একটি শব্দও উচ্চারণ করতে শুরু করেছে। কিশলয়ের পাঁচটি বিকাশ সূচকের প্রতিটি ক্ষেত্রেই হোসেন উল্লেখযোগ্য অগ্রগতি প্রদর্শন করছে। হোসেনের জীবনের এই পরিবর্তন প্রমাণ করে যে প্রাক শিশু বিকাশ কেন্দ্র (ইসিডি) বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের জীবনে ইতিবাচক প্রভাব ফেলতে পারে। সঠিক সহায়তা ও যত্নের মাধ্যমে তারা তাদের সক্ষমতা বিকাশ করতে পারে। হোসেনের অগ্রগতি কিশলয় প্রকল্পের সফলতা এবং অন্য অনেক শিশুর জন্য নতুন সম্ভাবনার প্রতীক।

## প্রকাশনায়: ভিলেজ এডুকেশন রিসোর্স সেন্টার (ভার্ক)

বি-৩০, এখলাস উদ্দিন খান রোড, আনন্দপুর, সাভার,

ঢাকা -১৩৪০। ফোন: ০১৭১১৬৪৭৩০৩

ই-মেইল - [info@vercbd.org](mailto:info@vercbd.org), [verc@bangla.net](mailto:verc@bangla.net)